

# ৫ শিক্ষার্থীর ৩ জনই ফেল, শিক্ষক ১৭ জন

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২১:০৫, ২৭ নভেম্বর ২০২৩



ভোলাহাট কলেজ

চাঁপাইনবাবগঞ্জের ভোলাহাট কলেজে শিক্ষকের সংখ্যা ১৭ জন। এ বছর কলেজটি থেকে এইচএসসি পরীক্ষায় মাত্র ৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। এর মধ্যে অকৃতকার্য হয়েছে ৫ শিক্ষার্থী।

UNIBOTS



গতকাল রবিবার (২৬ নভেম্বর) সকালে সারাদেশে একযোগে এইচএসসি পরীক্ষার ফর্ম প্রকাশের পর এমনই চির ওঠে এসেছে। জানা যায়, ভোলাহাট কলেজ থেকে দুটি বিভাগ থেকে পরীক্ষায় অংশ নেন পাঁচজন শিক্ষার্থী। তাদের মধ্যে বাণিজ্য শাখা থেকে একজন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিলে তিনি কৃতকার্য হন। মানবিক বিভাগ থেকে অংশ নেয় চারজন। তাদের মধ্যে একজন পরীক্ষায় পাস করলেও তিনজনই অকৃতকার্য হয়েছে।

স্থানীয়রা জানায়, ভোলাহাট উপজেলার সদর ইউনিয়নের ইমামনগর বাজার এলাকা কলেজটি ২০০৫ সালে স্থাপিত হয়। এ বছরের এইচএসসি পরীক্ষায় কলেজ থেকে বাণিজ্য সাধারণ শাখা থেকে পাঁচজন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। শিক্ষার্থী না থাকায় বিজ্ঞান বিভাগ থেকে কেউ পরীক্ষায় অংশগ্রহণ করেনি।

এ বিষয়ে ভোলাহাট কলেজের অধ্যক্ষ মাসুদ রানা বলেন, এ বছর যেসব শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছিল তাদের পড়াশোনায় তেমন আগ্রহ ছিল না। যার কারণে পাঁচজন শিক্ষার্থীর মধ্যে দুইজন পাস করেছে।

তিনি আরও বলেন, কলেজটি এমপিওভুক্ত না হওয়ায় এখানে শিক্ষার্থীদের পড়াশোনার আগ্রহ খুবই কম। যার কারণে কলেজটিতে শিক্ষার্থী ভর্তি হতে চায় না। আর বর্তমানে ১৭ জন শিক্ষক রয়েছে। যারা বিনাবেতনে অনেক কষ্টে দীর্ঘদিন ধরে কলেজটিতে পাঠদান অব্যাহত রেখেছি।

চাঁপাইনবাবগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পাপিয়া সুলতানা বলেন ভোলাহাট কলেজ সম্পর্কে খোঁজ খবর নেওয়া হচ্ছে। পাশাপাশি আর কোনো প্রতিষ্ঠানে ফলাফল আশানুরূপ না হয়নি সেগুলোও চিহ্নিত করার প্রক্রিয়া চলছে।